দৈনিক খবর

তারিখ 07 OCT 1992
পৃষ্ঠা ৫ কলাম ২

128

32

# সরকার মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করার পদক্ষেপ নেবে

## — শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার দেশের শিক্ষা ব্যবস্থায় গুণগত পরিবর্তন আনার লক্ষ্যে বাস্তবমুখী কর্মসূচী হাতে নিয়েছে।

শিক্ষামন্ত্রী গত রোববার টাঙ্গাইলের ভূয়াপুর লোকেরপাড়া ওএস সিনিয়র মাদ্রাসার প্রতিষ্ঠা বার্ষিকীয় অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। অনুষ্ঠানে ত্রাণ প্রতিমন্ত্রী লুৎফর রহমান খাঁ ও বিএনপি'র কেন্দ্রীয় নেতা এন আই খানও বক্তৃতা করেন। তথ্য বিবরণী।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার মাদ্রাসা শিক্ষাকে আধুনিক ও যুগোপযোগী করে তোলার লক্ষ্যে এর উন্নয়নের পদক্ষেপ নেবে। তিনি বলেন, ইসলামী শিক্ষা, নৈতিকতা ও সামাজিক মূল্যবোধ প্রতিষ্ঠা করে সমাজকে কলুষমুক্ত রাখতে সহায়ক হতে পারে। তিনি ছাত্র-ছাত্রীদেরকে ধর্মীয় জ্ঞানের পাশাপাশি আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তিগত শিক্ষা অর্জনেরও পরামর্শ দেন।